



සමස්ත සේවා

සමස්ත සේවා සඳහා සම්පූර්ණ සම්පූර්ණ සම්පූර්ණ සම්පූර්ණ, සම්පූර්ණ

**Job Category:** Medical/Healthcare/Pharma

**Job Source:** The Daily Star

## Job Summary

**Posted On:** 31 Oct 2024

**Application Deadline:** 20 Nov 2024



## ঈশ্বরদী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

ঈশ্বরদী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা

পাকশী, পাবনা

সূত্র নংঃ ০৩.০৬.৭৬৩৯.৩৮২.০২৩.৬০.২০২৪-২০৯১

তারিখঃ ২৯-১০-২০২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

ঈশ্বরদী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ডের অধীন ঈশ্বরদী ইপিজেড মেডিকেল সেন্টারে স্থায়ী পদের বিপরীতে নিম্নবর্ণিত শূন্য পদে ০১ জন মেডিকেল অফিসার, ০১ জন সিনিয়র স্টাফ নার্স এবং চুক্তিভিত্তিক ০১ জন গাড়ীচালক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	পদ সংখ্যা	বয়স (২০/১১/২০২৪ পর্যন্ত)	শিক্ষাগত যোগ্যতা
০১	মেডিকেল অফিসার গ্রেড-৯ম	০১ জন	অনূর্ধ্ব ৩২ বৎসর	এমবিবিএস ডিগ্রী। প্রার্থীকে BMDC এর রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।
০২	সিনিয়র স্টাফ নার্স গ্রেড-১০ম	০১ জন	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৪ বৎসর মেয়াদী নার্সিং ডিপ্লোমাদারী এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০৩	গাড়ীচালক (চুক্তিভিত্তিক), গ্রেড- ১৬ (বেতন সর্বসাকুল্যে)	০১ জন	অনূর্ধ্ব ৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাশ এবং সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ হতে গাড়ী চালনায় পেশাদার লাইসেন্স প্রাপ্ত।

#### শর্তাবলীঃ

- নির্ধারিত চাকরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ২০/১১/২০২৪ তারিখের মধ্যে ডাকযোগে সদস্য সচিব, ঈশ্বরদী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। উল্লেখিত তারিখের পর ডাকযোগে অথবা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্রসমূহ গ্রহণ করা হবে না। আবেদন ফর্মের নমুনা বেপজার website: [www.bepza.gov.bd](http://www.bepza.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে;
- আবেদনপত্রের সাথে যে কোন তফসিল ব্যাংক হতে IEPZ-MCTB পাকশী, ঈশ্বরদী, পাবনা এর অনুকূলে মেডিকেল অফিসার ও সিনিয়র স্টাফ নার্স পদের জন্য ৪০০/- (চারশত) টাকা এবং গাড়ীচালক পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;
- দরখাস্তের খামের উপর প্রার্থিত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রসিন ছবি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - স্থানীয় ইউনিয়ন পরিষদ/ সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার / পৌরসভার চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।
  - প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের কপি।
- সরকারী, আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার বোর্ডে কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- চাকরিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৯.১০.২০২৪

মোহাম্মদ আবুল কালাম আজাদ

পরিচালক (কঃঅঃ/শিঃসঃ) ও

সদস্য সচিব

ঈশ্বরদী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

পাকশী, ঈশ্বরদী, পাবনা

জিডি-৮৩৫